

বাক্বির ভর্তি পরীক্ষায় ঢাবি ছাত্রের জালিয়াতি

কালীগঞ্জে ইমামের জেল, সখীপুরে ছয় ব্যবসায়ীকে জরিমানা

প্রিয় দেশ ভেদে >

ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্বি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের (লেভেল-১' সেমিস্টার-১) ভর্তি পরীক্ষায় জালিয়াতির অপরাধে এক শিক্ষার্থীকে গতকাল শনিবার কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই দিন গাজীপুরের কাপীগঞ্জ বাল্যবিবাহ ও রহুবিবাহের অপরাধে এক ইমামকে কারাদণ্ড দেওয়া হয়েছে। টাঙ্গাইলের সখীপুরে ভ্রাম্যমাণ আদালত জরিমানা করায় ব্যবসায়ীদের তোপের মুখে পড়েন ইউএনও। প্রতিনিধিদের পাঠানো খবর :

বাক্বি : ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে এক বছরের কারাদণ্ড ও এক হাজার টাকা জরিমানাপ্রাপ্ত শিক্ষার্থীর নাম রাসেল সোহরাব (২২)। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ফার্মেসি বিভাগের শহীদুল্লাহ হলের ছাত্র। পরীক্ষার হল পরিদর্শক ও প্রক্টর কার্যালয় সূত্রে জানা গেছে, গতকাল দুপুর ১২টায় দ্বিতীয় শিফটে পরীক্ষা শুরু হয়। কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ২২৫ নম্বর কক্ষে হল পরিদর্শক তাঁর কাছে থাকা ছবির সঙ্গে রাসেলের ছবির অসামঞ্জস্য খুঁজে পান। পরীক্ষা শেষে রাসেলের সনদ ও পরিচিতি নিশ্চিত করতে প্রক্টর তাঁকে কার্যালয়ে নিয়ে আসেন। সেখানে রাসেলের কাছে ভুয়া সনদ ও প্রবেশপত্র পাওয়া যায়। পরে রাসেল তাঁর অপরাধ স্বীকার করে বলেন, ২০১৪ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। অর্থের লোভে তিনি এ অপরাধ করেছেন।

গাজীপুর : কাপীগঞ্জ এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে মো. যোবায়ের হোসেনকে

(৩৬)। গতকাল বিকেলে ম্যাজিস্ট্রেট শারমিন আক্তারের ভ্রাম্যমাণ আদালত এ দণ্ড দেন। যোবায়ের উপজেলার মোক্তারপুর নাসু মার্কেট এলাকার বাইতুল আসান জামে মসজিদের ইমাম ও ময়মনসিংহের গফরগাঁওয়ের রসুলপুর গ্রামের মৃত সাইফুল ইসলামের ছেলে। সূত্র জানায়, বাড়িতে যোবায়েরের স্ত্রী এবং তিন ও এক বছরের দুটি কন্যাসন্তান রয়েছে। মোবাইল ফোনে প্রেমের ফাঁদে ফেলে এক মাস আগে তিনি নবম শ্রেণির এক কিশোরীকে বিয়ে করেন। নববধূকে নিয়ে তিনি মোক্তারপুর বাস করছিলেন। গতকাল সকালে প্রথম স্ত্রী দুই সন্তান নিয়ে ওই এলাকায় এলে বিষয়টি জানাজানি হয়। পরে

হানীয়রা বিষয়টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে জানায়। তিনি বিষয়টি ইউএনও মো. মনিরুজ্জামানকে জানান। পরে ম্যাজিস্ট্রেট শারমিন আক্তারের ভ্রাম্যমাণ আদালত যোবায়েরকে প্রথম স্ত্রীর অনুমতি ছাড়া দ্বিতীয় বিয়ে এবং প্রতারণার মাধ্যমে কিশোরীকে বিয়ে

করার অপরাধে ওই দণ্ড দেন।

সখীপুর (টাঙ্গাইল) : সখীপুর শহরের কয়েকটি চালের দোকানে প্রাপ্তিকের বস্তায় চাল বিক্রির অপরাধে গতকাল দুপুরে ছয় ব্যবসায়ীকে ২৬ হাজার টাকা জরিমানা করেন ইউএনও এস এম রফিকুল ইসলামের ভ্রাম্যমাণ আদালত। এতে ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। খবর পেয়ে বণিক সমিতির নেতারা ইউএনওকে আদালত পরিচালনা না করতে অনুরোধ করেন। পরে ইউএনও ব্যবসায়ীদের ১০ দিনের সময় বেঁধে দিয়ে ঘটনাস্থল ভ্যাগ করেন। এরপর ব্যবসায়ীরা হানীয় ফোয়ারা চত্বরে সর্ধক্ষিপ্ত সমাবেশ করেন।

ভ্রাম্যমাণ আদালত